# অপেরা ৭ বিশ্বের দ্রুততম ব্রাউজার

**ইন্টারনেট** যারা ব্যবহার করেন তাদের সবচে' বড় অংশটাই যে ব্রাউজ করেন তাতে কোনো সন্দেহই নেই। আর ব্রাউজার হিসেবে যে দুটো ব্রাউজার মার্কেটে শীর্ষস্থান দখল করে আছে তার মধ্যে অপেরাকে কেউ হিসেবে না রাখলেও পারফরমেন্সের দিক থেকে অপেরাই যে সেরা তা বলার অপেক্ষা রাখে না। অথচ স্রেফ বিজ্ঞাপনের জোরে নেটস্কেপ নেভিগেটর আর ইন্টারনেট এক্সপ্লোরারের কথাই আমরা বেশি জানি। শুরু থেকেই অপেরার শ্লোগান ছিল দ্য কাস্টেস্ট ব্রাউজার অন আর্থ। কথাটি অপেরার কোনো ভার্সনের ব্রাউজারের জন্যই ভুল ছিল না। অপেরার প্রত্যেকটি ভার্সনই সমকালীন অন্যান্য জনপ্রিয় ব্রাউজারের চেয়ে দ্রুতগতির। অপেরার দ্রুতগতির পেছনের মূল রহস্য হলো এর ব্রাউজিং ইঞ্জিন। এই ইঞ্জিন আকারে এত ছোট ও ব্রাউজিংয়ের জন্য এত কম রিসোর্স ব্যবহার করে বলেই অপেরা পারফরমেন্সের দিক থেকে এত দ্রুত। আর অপেরার ইন্টারফেসে মাল্টিপল পেইজ ব্যবহার করা অত্যন্ত সহজ ও সাবলীল বলে একবার অপেরা ব্যবহারে অভ্যস্ত হলে অন্য কোনো ব্রাউজার আপনি ব্যবহার করতেই চাইবেন না।

শুধু যে দ্রুতগতিই অপেরাকে সেরা বলার একমাত্র কারণ, তা কিন্তু নয়। বরং অপেরায় এমন কিছু ফিচার রয়েছে যার কল্যাণে ব্রাউজিং যেমন সহজ হয়েছে তেমনি ইন্টারনেট সিকিউরিটি থেকে শুরু করে ই-মেইল ব্যবহার পর্যন্ত সহজ হয়ে গেছে। অপেরা শুধু যে নবীন ইউজারদের জন্য তৈরি তা নয় বরং এটি ব্যবহারের ক্ষেত্রে এমন মুন্সিয়ানার সুযোগ রয়েছে যে, নবীন ইউজারের দক্ষতাও এতে অনেক বেড়ে যাবে। তার চেয়েও আনন্দের বিষয় হলো অপেরা একটি ফ্রি ব্রাউজার যার সব ফিচারই ফ্রি ব্যবহার করা যাবে। তবে সেজন্য অপেরার ব্রাউজারের কোনায় বিজ্ঞাপন আসবে— যা আপনার ব্রাউজিং স্পিডকে ব্যাহত করবে, তবে সেটা খুব সামান্যই। বিজ্ঞাপন সত্ত্বেও টুমরোজ ল্যাবে অপেরার স্পিড নেটস্কেপ নেভিগেটর ও ইন্টারনেট এক্সপ্লোরারের চেয়ে বেশি পাওয়া গেছে। ফলে আমাদের দেশে ধীরগতির ইন্টারনেটের জন্য অপেরা একটি আদর্শ ব্রাউজার।

## আকর্ষণীয় ইন্টারফেস

অপেরা ফ্রি বলে এর ইন্টারফেস সাদামাটা তা ভাবার কোনো অবকাশ নেই। বরং অপেরার ইন্টারফেস এতটাই দারুণ যে ইন্টারনেট এক্সপ্লোরার কিংবা নেটস্কেপ নেভিগেটর এর সামনে নস্যি। অপেরা উইন্ডোজের কমন কন্ট্রোলগুলোকে পর্যন্ত ওয়েবসাইটে রিপ্লেস করে তার আকর্ষণীয় বাটন ও অন্যান্য কমন কন্ট্রোল দিয়ে। ফলে চেনা-জানা সাদামাটা ওয়েবসাইটগুলোও হয়ে উঠে অসাধারণ। আর অপেরা স্কিন ফিচার সাপোর্ট তো করেই, আরো সাপোর্ট করে কালার স্কিম। ফলে যে-কোনো স্কিনেই অপেরার ডিফল্ট আইকনগুলোর রং পাল্টে মনের মতো রঙের করে নেওয়া সম্ভব। তাছাড়া অপেরা মাল্টিপল ডকুমেন্ট ইন্টারফেস সংবলিত। ফলে এক উইন্ডোতেই একাধিক পেইজে ব্রাউজ করা সম্ভব। তদুপরি, অপেরার কী-বোর্ড শর্টকাট এতসহজ ও উপযুক্ত যে খুব সহজেই তা আয়ত্ত করে নেয়া সম্ভব। আর এই শর্টকাট পাওয়ার ইউজার, এক্সপার্ট ও এডভান্সড ইউজারদের দেবে মাউস ব্যবহার না করেই ব্রাউজিং সুবিধা। তাছাড়া অপেরার রয়েছে মাউস গেসচারের মতো দারুণ কিছু এডভান্সড ইন্টারফেস ফিচার। যেমন-মাউস গেসচারের সাহায্যে রাইট মাউস ক্লিক চেপে রেখে লেফট বাটনে ক্লিক করলেই ব্যাক করা সম্ভব। এছাড়া মাউস গেসচারের মধ্যেই রয়েছে অসংখ্য মাউস শর্টকাট যা এনেবল বা ডিসেবল রাখা যায়, পাশাপাশি কাস্টোমাইজও করা যায়। এছাড়া মাল্টিপল চয়েস সমৃদ্ধ হটক্লিক মেনু অপেরার অন্যতম দারুণ ফিচার।

## ফাইল সাপোর্ট, মাল্টিমিডিয়া ও প্লাগ-ইনস

ওয়েবের জন্য যত রকম ফাইল ফরম্যাট আছে, অপেরা তার সবগুলোই সাপোর্ট করে। তাছাড়া সব প্রচলিত গ্রাফিক্স ফাইলের ভিউয়ার ও পিসিতে ইন্সটল্ড বিভিন্ন মাল্টিমিডিয়া ভিউয়ার ও প্লেয়ারের প্লাগইন ব্যবহার করে অপেরা সমস্ত অডিও-ভিডিও, ফ্ল্যাশ প্রেজেন্টেশনও চালাতে পারে। তাই অপেরা থাকলে অনেক সময় আলাদা প্রেজেন্টেশন সফটওয়্যার না থাকলেও কাজ করা যায়। তাছাড়া জাভা ও জাভাস্ক্রিপ্ট সাপোর্টও বিল্ট-ইন থাকে শুরু থেকেই।

## দুর্দান্ত কাস্টোমাইজেশন

অপেরার কাস্টোমাইজেশন শুধুমাত্র তার চেহারা বদলে ফেলার মধ্যেই সীমাবদ্ধ নয়। বরং এটি দিয়ে ব্রাউজিংয়ের স্টাইলও বদলে ফেলা যায়। যেমন— কোনো লিঙ্কে ক্লিক করলে তা ঐ পেইজেই আসবে, নাকি নতুন অপেরা খুলবে, নাকি শুধু একটি নতুন পেইজে খুলবে। তাছাড়া অপেরা ৭-এ ডিফল্ট সাইট হিসেবে একাধিক সাইটও রাখা যায়— যা এখন পর্যন্ত আর কোনো ব্রাউজারে সম্ভব নয়।

## ওয়েবসাইট ম্যানেজমেন্ট

সব ব্রাউজারই ওয়েবসাইট ম্যানেজ করে নিজস্ব কিছু পদ্ধতিতে। কিন্তু অপেরা ব্যবহার করে হটলিস্ট— যা XML ফরম্যাটে এড্রেস সংরক্ষণ করে রাখে বলে খুব সহজেই এক্সপোর্ট ও ইমপোর্ট করা যায়। তাছাড়া অপেরায় বিল্টইন অবস্থাতেই থাকে ক্যাটাগরি অনুসারে ৫০টি অত্যন্ত প্রয়োজনীয় ওয়েবসাইটের ঠিকানা। তবে সবচে' চমকপ্রদ হলো— অপেরা চালু হবার সময় ডিফল্ট পেইজ হিসেবে ফাঁকা দিবে

নাকি কোনো সাইট দিবে তা চিহ্নিত করার পাশাপাশি অপেরায় এমন ব্যবস্থা আছে যে, আগে যে জায়গায় আপনি ব্রাউজিং ছেড়ে গেছেন সে জায়গা থেকে ব্রাউজ করার সুযোগ দেবে অপেরা। এমনকি এই ফিচারটি এনেবল না থাকলেও কোনো দুর্যোগে (যেমন বিদ্যুৎ চলে যাওয়া কিংবা পিসি হ্যাং হওয়া জাতীয় সমস্যা) অপেরা বন্ধ হয়ে গেলে আগের জায়গায় ফিরে যায় অপেরা। ফলে সাইটের ঠিকানা ভুলে গেলেও সাইটটি আপনার কাছ থেকে হারিয়ে যাবে না।

## স্মার্ট পপ-আপ ম্যানেজমেন্ট

ব্রাউজিংয়ের সময় হট করে পপ-আপ চলে আসা একদিকে যেমন বিরক্তিকর তেমনি অনেক সাইট আছে যেখানে পপ-আপের মাধ্যমেই গুরুত্বপূর্ণ তথ্যের আদান-প্রদান হয়। পপ-আপ নিয়ন্ত্রণের জন্য পূর্ববর্তী ভার্সন থেকেই অপেরায় অনেক ফিচার ছিল। কিন্তু ভার্সন ৭-এ এমন কিছু যুক্ত হয়েছে যার ফলে পপ-আপগুলো আর বিরক্তিকর হবে না। অপেরা ৭-এ পপ-আপগুলো একই উইন্ডোতে আলাদা পেইজ হিসেবে লোড করা সম্ভব। ফলে এড্রেসবারের এড্রেস দেখে সহজেই অপ্রয়োজনীয় পপ-আপ চিহ্নিত করা এবং পেইজ আসার আগেই তা বন্ধ করে দেয়া সম্ভব।

## বিল্টইন সার্চ

ইন্টারনেটে সার্চ করা প্রায় সবারই একটি নিত্য ব্যবহার্য কাজ। সেক্ষেত্রে যেতে হয় কোনো সার্চ ইঞ্জিনের সাইটে। কিন্তু অপেরায় আছে বিল্টইন সার্চ ইউটিলিটি। যার সাহায্যে কোনো পেইজে না গিয়েই সেই পেইজের সার্চ ইঞ্জিন ব্যবহার করে অপেরার মাধ্যমে সার্চ রেজাল্ট পাওয়া যায়। আর অপেরায় বিখ্যাত সব সার্চ ইঞ্জিনই ব্যবহারের সুযোগ রয়েছে। কেননা, এতে শুরু থেকেই অন্তর্ভুক্ত আছে গুগলি সার্চ, অল দ্য ওয়েব সার্চ, সুপার সার্চ, আমাজন.কম সার্চ, নিউজ সার্চ, টেকট্র্যাকার, ডোমেইন নেম সার্চ, ইমেজ সার্চ, ভিডিও সার্চ, এমপিথ্রি/অডিও সার্চ, প্রাইস কমপ্যারিসন সার্চ, অপেরা সাপোর্ট সার্চ ও ফাইন্ড ইন পেইজ সার্চ। শুধুমাত্র সার্চ ফিল্ডে প্রয়োজনীয় শব্দ লিখে সার্চ দিলেই সার্চ হয়ে যাবে যা বর্তমানের তথাকথিত সেরা দুই ব্রাউজার ইন্টারনেট এক্সপ্লোরার ও নেটস্কেপ নেভিগেটরে পাওয়া সম্ভব নয়।

## প্রাইভেসি এন্ড সিকিউরিটি

অপেরায় প্রাইভেসি সংক্রান্ত যেসব ভালো কিছু ফিচার রয়েছে তার মধ্যে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা সুনিশ্চিত করা অন্যতম। কোনো সাইটকে অযাচিত তথ্য না দেয়া, এক সাইট অন্য সাইটে রিডিরেক্ট করার সময় তথ্য পাচার না হওয়া, পাসওয়ার্ড দেয়া পেইজের পাসওয়ার্ড ঐ পেইজ থেকে বের হওয়া মাত্র ক্যাশে থেকে মুছে ফেলা, সর্বোপরি কুকিকে সঠিকভাবে ম্যানেজ করার মাধ্যমে অপেরা ইউজারের প্রাইভেসি রক্ষা করে। তাছাড়া নিজেকে অপেরার পরিবর্তে ইন্টারনেট এক্সপ্লোরার ৬, মোজিলা ৩, ৪, ৫ হিসেবে ইন্টারনেটে পরিচয় দেবার মাধ্যমেও অপেরা ইউজারের গোপনীয়তা বজায় রাখে। আর সিকিউরিটির ক্ষেত্রে অপেরা ১২৮ বিটের ডাটা এনক্রিপশন স্ট্যান্ডার্ড (DES) এনক্রিপশন পদ্ধতি এবং SSL 2.0 , SSL 3.0 ও বর্তমান সময়ের সবচে' নিরাপদ TLS প্রোটোকল ব্যবহার করে। তাছাড়া ডিফল্ট হিসেবে এতে অনেকগুলো সিকিউরিটি ওয়ার্নিং রয়েছে— যা সব সময়ই ইউজারকে সতর্ক রাখবে সব ব্যাপারে। আর যদি এসব ওয়ার্নিং বিরক্তির উদ্রেক করে, তবে ডিসেবল করে দিলেই হলো!

প্রাইভেসি এন্ড সিকিউরিটির মধ্যে অপেরা ইউজারকে সাহায্য করার জন্য যুক্ত করেছে Wand নামের একটি পাসওয়ার্ড ম্যানেজমেন্ট টুল। যার সাহায্যে বিভিন্ন সাইটের ইউজার নেম ও পাসওয়ার্ড সে মনে রাখবে আপনার জন্য। ফলে নিয়মিত ইয়াহু বা হটমেইলের মেইল চেক করার সময় বারবার পাসওয়ার্ড দেবার ঝামেলা থাকবে না। তদুপরি, Wand কুকিতে পাসওয়ার্ড না রেখে নিজের কাছে রাখে বলে বিভিন্ন সাইটে Remember my password-এর মতো অনিরাপদ নয়। তাছাড়া একই সাইটের একাধিক সেট ইউজার নেম ও পাসওয়ার্ডও সংরক্ষণ ও ব্যবহার করতে পারে Wand। এছাড়াও অপেরা দিয়ে কোন কোন সাইট ব্রাউজ করা হলো তা যদি অন্যকে দেখতে দিতে কেউ না চায় তবে History ও ক্যাশে ম্যানুয়ালি বা অটো পরিষ্কার করার অপশনও রয়েছে অপেরায়।

## ই-মেইল ক্লায়েন্ট M2

শুরু থেকেই অপেরা তার ব্রাউজারে এমন কিছু ফিচার এনেছে যা সমকালীন অন্যান্য ব্রাউজারে ছিল না। কিন্তু অপেরা ৭-এ সংযুক্ত করা ই-মেইল ক্লায়েন্ট M2 তার সব ফিচারকেই হার মানিয়েছে। ইউজার ফ্রেন্ডলি দুর্দান্ত এই ই-মেইল ক্লায়েন্ট আউটলুক কিংবা ইউডোরার চেয়ে কোনো অংশেই কম নয়। আর এটি একটি ওয়েবসাইটের মতোই ব্রাউজারের একটি পেইজ হিসেবেই ওপেন হয়। অথচ এতে একটি মেইল ক্লায়েন্টের মতো এতে POP, IMAP মেইল চেকসহ অপেরা মেইল, ওয়েবমেইল চেক করা এমনকি News-ও দেখার সুবিধা আছে। আর যে-কোনো মেইল ক্লায়েন্টের মতোই InBox, Outbox, Sent, Drafts, Spam ও Trash ফোল্ডার রয়েছে। তাছাড়া এতে নিজস্ব ফোল্ডারও তৈরি করা যায়। তদুপরি চমৎকার ফিল্ডারিং ও একাধিক একাউন্ট মেইনটেইন করার সুবিধা একে দিয়েছে একটি পূর্ণাঙ্গ ও দারুণ ই-মেইল ক্লায়েন্ট হবার গৌরব।

অপেরা প্রথম থেকেই চেষ্টা করেছে ব্রাউজার হিসেবে অন্যদের থেকে কিছুটা আলাদা থাকার। এবং প্রতিটি ভার্সনেই তার সে প্রচেষ্টা সফল হয়েছে। অপেরা ৭-ও তার ব্যতিক্রম নয়। আর সেজন্যই অপেরার নির্মাতাদের সাথে আমরা একাত্ম হয়ে বলি, 'বিশ্বের দ্রুততম ব্রাউজার'।

### একনজরে

Opera 7.03
System Requirements
Pentium 166 MHz
32 MB of RAM
Windows 9x/NT/2000/Me/XP
Developed by : Opera Software ASA
URL : http://www.opera.com

▌মোঃ মারুফ হোসেন
computertomorrow@maruf42.com

শহরের সেরা ইন্টারনেট সেবা
বাংলাদেশ অনলাইন লিমিটেড
২৪ ঘন্টা গ্রাহক ফোন সেবা : ৯১২১১৪৪, ০১৭১ ৬১৭০০৮, ওয়েব সাইট : www.bol-online.com